আজকের কাগজ

তারিখ 20 FEB 1994
পৃষ্ঠা ১ কলাম ৫

24

# জগন্নাথ কলেজে ছাত্রদলের দু'গ্রুপের সংঘর্ষে গুলিবিদ্ধ ২

কাগজ প্রতিবেদক ঃ গতকাল জগন্নাথ বিশ্ববিদ্যালয় কলেজ ক্যাম্পাসে ছাত্রদলের দু'গ্রুপের মধ্যে দু'দফা সংঘর্ষে ১০ ব্যক্তি আহত হয়। বেলা ১টায় প্রথম দফা সংঘর্ষ শুরু হয়। জাতীয়তাবাদী ছাত্রদল জগন্নাথ শাখার সগির ও কাজল গ্রুপের কর্মিরা প্রথম দফা সংঘর্ষের সময় ব্যাপক বোমাবাজি করে। ধাওয়া-পাল্টা ধাওয়া চলে প্রায় ৪৫ মিনিট। এ সময় ঐ এলাকায় যানবাহন চলাচল বন্ধ হয়ে যায়।

বেলা ৩টায় ২য় দফা সংঘর্ষ শুরু হলে দু'পক্ষই আবারো ব্যাপক বোমাবাজি করে সমগ্র ক্যাম্পাস এলাকায় ত্রাস সৃষ্টি করে। এ সময় ১৫/২০ রাউণ্ড গুলি বর্ষণের শব্দ শোনা যায়। স্থানীয় সূত্রে জানা যায়, সংঘর্ষকারীদের দু'জন গুলিবিদ্ধ হলে তাদের দ্রুত রিক্শা করে নিয়ে যাওয়া হয়। তাদের গোপনে কোনো ক্লিনিকে ভর্তি করা হয়েছে বলে ধারণা করা হচ্ছে। এ ছাড়া আরো ৮ জন গোপনে প্রাথমিক চিকিৎসা গ্রহণ করে।

সংঘর্ষের খবর পেয়ে কোতোয়ালী থানার পুলিশ ঘটনাস্থলে পৌঁছে পরিস্থিতি নিয়ন্ত্রণে আনে। তবে পুলিশ সংঘর্ষকারীদের কাউকে গ্রেফতার করতে পারেনি।

উল্লেখ্য, গত ২৪ জানুয়ারি ছাত্রদলের সগির ও কাজল গ্রুপ জগন্নাথ কলেজ ক্যাম্পাসে ব্যাপক সংঘর্ষে লিপ্ত হয়েছিলো। গতকাল এর ঘটনা উক্ত সংঘর্ষের জের বলে জানা গেছে।